তথ্যবিবরণী নম্বর- ১৯৩

**গণ-অভ্যুত্থানের সরকার বলে এই সরকারের দায়িত্ব গণ-আকাঙ্খার বাস্তবায়ন**

**- প্রাথমিক ও গণশিক্ষা উপদেষ্টা**

রাজশাহী: ০৬ মাঘ (২০ জানুয়ারি):

প্রাথমিক ও গণশিক্ষা উপদেষ্টা অধ্যাপক ডা. বিধান রঞ্জন রায় পোদ্দার বলেছেন, বর্তমান সরকার ২০২৪ সালের গণ-অভ্যুত্থানের সরকার। তাই এই সরকারের দায়িত্ব হচ্ছে গণ-অভ্যুত্থানের গণ-আকাঙ্খার বাস্তবায়ন।

আজ মঙ্গলবার (২০ জানুয়ারি) সকালে চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলা পরিষদ হলরুমে জেলা প্রশাসন আয়োজিত ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট- ২০২৬ উপলক্ষে গণভোট প্রচার বিষয়ে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন।

উপদেষ্টা বলেন, জাতীয় সংসদ নির্বাচনে সরকারের দায়িত্ব থাকে নির্বাচনটা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য নির্বাচন কমিশনকে সহযোগিতা করা। কিন্তু এবার যেহেতু সংসদ নির্বাচনের পাশাপাশি গণভোট অনুষ্ঠিত হতে যাচ্ছে, সেহেতু সরকারের বিশেষ দায়িত্ব হয়ে পড়েছে এ বিষয়ে কথা বলার ও কাজ করার।

তিনি বলেন, গণ-আকাঙ্খা বাস্তবায়নের জন্য সরকার তিনটি বিষয়কে বেঁছে নিয়েছে– সংস্কার, বিচার এবং নির্বাচন। সংস্কার এবং বিচার প্রক্রিয়া চলমান রয়েছে এবং নির্বাচন আমাদের সামনে, সেজন্য আমরা কাজ করে যাচ্ছি। এসময় তিনি গণভোটে হ্যাঁ এর পক্ষে সরকারের অবস্থানের কারণ ব্যাখ্যা করতে গিয়ে আমাদের অতীত আন্দোলনের আকাঙ্খা ও বাস্তবতাগুলো তুলে আনেন।

জুলাই জাতীয় সনদে রাজনৈতিক দলগুলোর ঐকমত্যের প্রসঙ্গ তুলে ধরে উপদেষ্টা বলেন, বহু বিতর্কের পর বিভিন্ন রাজনৈতিক দলের ঐকমত্যের ভিত্তিতে জুলাই জাতীয় সনদ স্বাক্ষরিত এবং অধ্যাদেশ জারি হলো। কিন্তু তা বাস্তবায়নে পরবর্তী সরকার সংসদে যদি তা পাস না করে তাহলে স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে। সেই জন্য সরকার মনে করে, যে প্রস্তাবগুলো গণভোটে দেওয়া হয়েছে সেই প্রস্তাবগুলোতে জনগণ যদি 'হ্যাঁ' বলে তাহলে একটি গুরুত্বপূর্ণ মেন্ডেড আসলো- যে দলই ক্ষমতায় আসুক না কেন তারা এই সংস্কারগুলো বাস্তবায়ন করতে বাধ্য থাকবে।

এসময় উপদেষ্টা গণভোট নিয়ে বিভিন্ন দপ্তরের কার্যক্রমে সন্তুষ্টি প্রকাশ করেন এবং একটি ভালো জাতীয় নির্বাচন ও গণভোট জাতিকে উপহার দিতে পারবেন মর্মে আশাবাদ ব্যক্ত করেন।

চাঁপাইনবাবগঞ্জ জেলা প্রশাসক মো. শাহাদাত হোসেন মাসুদের সভাপতিত্বে অনুষ্ঠানে পুলিশ সুপার গৌতম কুমার বিশ্বাসসহ জেলার বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তরের দপ্তর প্রধানগণ উপস্থিত ছিলেন।

.................................................................

রুহুল/তৌহিদ/আতিক/আলীম/হালিম/২০২৬/১৬:৪৫ ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd